



তফসিল ঘোষণার পরই কার্যকর হবে দুই উপদেষ্টার পদত্যাগ: প্রেস সচিব



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম জানিয়েছেন, উপদেষ্টা আসিফ মাহমুদ ও মাহফুজ আলম বুধবার (১০ ডিসেম্বর) বিকেলে প্রধান উপদেষ্টার কাছে তাদের পদত্যাগপত্র জমা দিয়েছেন। নির্বাচন কমিশন তফসিল ঘোষণা করলেই তাদের পদত্যাগ কার্যকর হবে। সন্ধ্যায় আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে তিনি এ তথ্য জানান। প্রেস সচিব আরও বলেন, প্রধান উপদেষ্টা দুই উপদেষ্টার ভবিষ্যৎ মঙ্গল কামনা করেছেন এবং সরকারি দায়িত্ব পালনের অভিজ্ঞতাকে আগামী জীবনে কাজে লাগানোর আহ্বান জানিয়েছেন।

তিনি উল্লেখ করেন, শুরু থেকেই সরকার বলে আসছে যে জাতীয় নির্বাচন ফেব্রুয়ারির প্রথমার্ধে অনুষ্ঠিত হবে। কিন্তু কিছু তথাকথিত বিশ্লেষক ও সিনিয়র সাংবাদিক অযথা সন্দেহ সৃষ্টি করছেন, যা হয়তো তাদের ব্যক্তিগত জনপ্রিয়তা বা ভিউ বৃদ্ধিতে সহায়তা করছে।

গণভোট প্রসঙ্গে শফিকুল আলম জানান, সারাদেশে গণভোট নিয়ে বিস্তৃত প্রচারণা চলছে এবং খুব শিগগিরই এটি দেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত পৌঁছে যাবে। তিনি বলেন, এ বিষয়ে জনগণের সচেতনতা তৈরি করা এখন সরকারের অন্যতম অগ্রাধিকার।